আয়ারল্যান্ড

An Roinn Dlí agus Cirt,
Gnóthaí Baile agus Imirce
Department of Justice,
Home Affairs and Migration

euaa
EUROPEAN UNION
AGENCY FOR ASYLUM

# রিসেপশনে আপনার অধিকার ও বাধ্যবাধকতা



এই তথ্যগুলো আপনার জানার জন্য, যদি:

- আপনি একজন প্রাপ্তবয়স্ক(18 বছর বা তার বেশি) হন
- আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেছেন (যাকে অ্যাসাইলামও বলা হয়) এ এবং আপনি এখন আন্তর্জাতিক সুরক্ষার পাওয়ার জন্য একজন আবেদনকারী।

BENGALI

# বিষয়বস্তু


রিসেপশন কী? 3

আপনি কী কী পাবেন? 6

স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার 9

শিশুদের জন্য শিক্ষার অধিকার 11

কাজ করার অধিকার 12

ভাষা কোর্স এবং পেশাগত প্রশিক্ষণের অধিকার 13

যে নথিতে লেখা আছে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী 14

আপনি কোথায় থাকবেন? 14

যে পরিস্থিতিতে একজন আবেদনকারীকে আটক করা যেতে পারে 18

আপনার রিসেপশন সংক্রান্ত বাধ্যবাধকতা কী? 19

যদি আপনি আপনার বাধ্যবাধকতাগুলি পালন না করেন, তাহলে কী হবে? 20

যদি আপনি কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যান, তাহলে কী হবে? 21

যখন আপনাকে সেই EU+ দেশের সদস্য রাষ্ট্রে ফেরত পাঠানো হবে যেটি আপনি
অনুমতি ছাড়াই ছেড়েছেন, তখন কী হবে? 21

আপনি কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন 22

আপনি আইনি সহায়তা পেতে পারেন 23


যোগাযোগের তথ্য 24

## ?

রিসেপশন হলো সেই সহায়তা যা আপনি একজন আবেদনকারী হিসেবে পাবেন, যতক্ষণ না কর্তৃপক্ষ আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন পরীক্ষা করা শেষ করে। এর মধ্যে রিসেপশনে প্রাপ্ত অধিকার এবং বাধ্যবাধকতা অন্তর্ভুক্ত রয়েছে যা এই ব্রোশিওরে ব্যাখ্যা করা হয়েছে।

আয়ারল্যান্ডে, আবেদনপত্র গ্রহণের দায়িত্বে থাকা কর্তৃপক্ষ হলো ইন্টারন্যাশনাল প্রোটেকশন অ্যাকোমোডেশন সার্ভিস (IPAS)। আপনার আশ্রয়ের আবেদনপত্র যাচাই-বাছাই করার দায়িত্বে থাকা কর্তৃপক্ষ হলো ইন্টারন্যাশনাল প্রোটেকশন অফিস (IPO)

কর্মী আপনি এই ব্রোশিওরে থাকা তথ্য বুঝতে পেরেছেন কি-না তা জিজ্ঞাসা করবে এবং তা নিশ্চিত করতে স্বাক্ষর করতে বলবে। কোনো কিছু অস্পষ্ট থাকলে আন্তর্জাতিক সুরক্ষা কার্যালয়ের কর্মীদের প্রশ্ন করুন।



**আপনি এই দেশে নিরাপদ আছেন।**

আপনার অবস্থানের সময়, আন্তর্জাতিক সুরক্ষা আবাসন পরিষেবার কর্মীরা কর্মী আপনাকে রিসেপশন পরিষেবা এবং সহায়তা সম্পর্কে তথ্য দেবে, যা আপনার পরিস্থিতির উপর নির্ভর করবে।



আপনি অন্যান্য প্রতিষ্ঠান থেকেও তথ্য এবং সাহায্য বিনামূল্যে চাইতে পারেন। আপনি এই ব্রোশিওরের শেষে প্রতিষ্ঠানগুলোর একটি তালিকা পাবেন।



একজন দোভাষী আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা অফিসের কর্মীরা কর্মীর সাথে এমন একটি ভাষায় যোগাযোগ করতে সাহায্য করবে যা আপনি বুঝতে পারেন, যেখানে প্রয়োজন হবে। দোভাষী আপনার বলা কোনো কথা কাউকে বলবে না।

**আপনি আলাদা ব্রোশিওরে অ্যাসাইলাম প্রসিডিউর এবং অনুসরণ করার নিয়ম সম্পর্কে তথ্য পেতে পারেন।**

**আপনি এখন আয়ারল্যান্ড এ আছেন, যা একটি EU+ দেশ।**
**EU+ দেশগুলি হল:**

- ইউরোপিয়ান ইউনিয়ন (EU) এর 27 সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রীস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বুলগেরিয়া, বেলজিয়াম, মাল্টা, রোমানিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং

- 4টি অন্যান্য দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লিশটেনস্টেইন, সুইজারল্যান্ড।

!

সকল EU+ দেশে আবেদনকারীদের একই ধরনের সব রিসেপশন অধিকার এবং বাধ্যবাধকতা রয়েছে।

অ্যাসাইলামের জন্য আবেদন করা এবং অন্য EU+ দেশে ভ্রমণ করার নিয়মাবলি রয়েছে।

**আপনি অবশ্যই সেই EU+ দেশে অ্যাসাইলামের জন্য আবেদন করতে হবে এবং আপনার আবেদন রেজিস্টার করতে হবে যেখানে আপনি প্রথমবার পৌঁছিয়েছিলে,** যদি না কর্তৃপক্ষ আপনাকে অন্য কিছু করতে বলে।

**আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করার জন্য শুধুমাত্র একটি EU+ দেশ দায়িত্বশীল।** আয়ারল্যান্ড এর কর্তৃপক্ষ একটি পদ্ধতি অনুসরণ করবে যাতে ঠিক হবে কোন EU+ দেশ আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করবে।

**আপনাকে থাকতে হবে আয়ারল্যান্ড এ। কর্তৃপক্ষের অনুমতি ছাড়া আপনি অন্য কোনও EU+ দেশে যেতে পারবেন না।** আপনি যদি চলে যান, তাহলে তার ফল খারাপ হতে পারে। আপনার অ্যাসাইলাম প্রসিডিউর আয়ারল্যান্ড এ বন্ধ হয়ে যেতে পারে। অন্য দেশে আপনার চলাচলের স্বাধীনতা সীমাবদ্ধ হতে পারে এবং কিছু রিসেপশন পরিষেবা বাতিল করা হবে।

## ?

যখন কর্তৃপক্ষ আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন পরীক্ষা করছে, এবং আপনার ব্যক্তিগত ও আর্থিক পরিস্থিতির উপর নির্ভর করে, আপনি পাবেন:



- থাকার ব্যবস্থা



- নিজেকে পরিষ্কার রাখার উপকরণ



- খাবার



- কাপড়



- দৈনন্দিন খরচের জন্য অর্থ



আন্তর্জাতিক সুরক্ষা আবাসন পরিষেবা আপনার ব্যক্তিগত ও আর্থিক পরিস্থিতি আরও ভালোভাবে বুঝতে আপনাকে প্রশ্ন করবে।

,







**কর্মীদের জানান যদি:**

- আপনি অসুস্থ বা আহত হলে
- আপনি যদি গর্ভবতী হন বা হতে পারেন বলে মনে হয়
- আপনার পরিবারে কারো বিশেষ সহায়তার প্রয়োজন হলে
- আপনার শারীরিক অক্ষমতা আছে (উদাহরণস্বরূপ, চলাফেরায় সীমাবদ্ধতা, শ্রবণহানি, দৃষ্টি সমস্যা)
- আপনি সর্বদা উদ্বিগ্ন, চিন্তিত বা উৎকণ্ঠিত বোধ করেন, ঘুমাতে পারেন না, বা নেতিবাচক চিন্তা হয়
- আপনি অতীতে হিংস্র আচরণ বা নির্যাতনের শিকার হয়েছেন
- আপনি অনিরাপদ বোধ করেন, হুমকির সম্মুখীন হন, অথবা আপনি কাউকে ভয় পান, তা সে অপরিচিত ব্যক্তি হোক বা আপনার পরিচিত কেউ হোক
- আপনাকে যদি এমন কিছু করতে বাধ্য করা হয়ে থাকে বা করা হয়, যা আপনি করতে চান না
- আপনি যদি আপনার ধর্ম, ভালোবাসা, পোশাক বা আচরণের কারণে নিজেকে অসুরক্ষিত মনে করেন
- আপনার বয়স 18 বছরের কম এবং আপনি আপনার বাবা-মা ছাড়া এসেছেন, হয় একা অথবা পরিবারের অন্য সদস্যদের সাথে।

বিশেষ তখনই প্রদান করা যেতে পারে যখন আন্তর্জাতিক সুরক্ষা আবাসন পরিষেবার কর্মীরা আপনার বিশেষ চাহিদা সম্পর্কে জানতে।





বিশেষজ্ঞ কর্মী আপনাকে প্রশ্ন করবে যাতে:
আপনার বিশেষ চাহিদা মূল্যায়ন করা যায় আপনার **বিশেষ চাহিদা** মূল্যায়ন করা যায়

- চিহ্নিত করা যায় আপনার জন্য **কোন বিশেষ সহায়তা** সবচেয়ে উপযুক্ত।

এটিকে বলা হয় **অসুবিধা মূল্যায়ন**।

যদি প্রয়োজন হয়, একজন দোভাষী আপনাকে এমন একটি ভাষায় যোগাযোগ করতে সাহায্য করবে যা আপনি বুঝতে পারেন।



যদি আপনার বিশেষ সহায়তার প্রয়োজন হয়, সর্বদা আন্তর্জাতিক সুরক্ষা আবাসন পরিষেবা কর্মীর সাথে যোগাযোগ করুন।

আপনি বিশেষায়িত কর্মীদের বিশ্বাস করতে পারেন এবং তাদের সাথে মন খুলে কথা বলতে পারেন। আপনার বলা সব কথা গোপন রাখা হবে আপনার অনুমতি ছাড়া কাউকে বলা হবে না।

এর একমাত্র ব্যতিক্রম হবে যদি আপনার বা অন্য কারোর জীবন ঝুঁকির মধ্যে পড়ে।

কর্তৃপক্ষ আপনার প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা প্রাপ্তি নিশ্চিত করবে।



এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- নার্স বা ডাক্তারের সাথে সাক্ষাতের সুযোগ
- আঘাত বা অসুস্থতার চিকিৎসা
- ব্যথা বা অসুস্থতা বোধ করলে তার যত্ন
- আপনার প্রয়োজনীয় ঔষধের ব্যবস্থা
- জরুরি মানসিক স্বাস্থ্য সংক্রান্ত উদ্বেগের জন্য সহায়তা
- প্রয়োজনে অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রে প্রেরণ



আপনার আগমনের পর

আপনি পৌঁছানোর পর, হেলথ সার্ভিস এক্সিকিউটিভ (HSE)-এর কর্মীরা আপনার স্বাস্থ্য সম্পর্কে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

তারা জিজ্ঞাসা করতে পারেন:

- কোনো আঘাত, ব্যথা বা জরুরি স্বাস্থ্য সমস্যা
- আপনার কোনো শারীরিক অসুস্থতা আছে কিনা
- আপনি বর্তমানে কোনো ঔষধ গ্রহণ করছেন কিনা
- আপনার টিকার ইতিহাস
- সাম্প্রতিক বা গুরুতর কোনো অসুস্থতা।

এই তথ্য HSE-কে যেকোনো জরুরি স্বাস্থ্য প্রয়োজন শনাক্ত করতে এবং যত দ্রুত সম্ভব চিকিৎসার ব্যবস্থা করতে সাহায্য করে।



যদি আপনার জরুরি চিকিৎসার প্রয়োজন হয়

যদি আপনার কোনো গুরুতর অসুস্থতা বা আঘাত থাকে এবং জরুরি চিকিৎসার প্রয়োজন হয়, তাহলে ১১২ বা ৯৯৯ নম্বরে ফোন করে অ্যাম্বুলেন্সের জন্য অনুরোধ করুন।

এই জরুরি নম্বরগুলিতে ফোন করতে কোনো খরচ লাগে না।

## স্বাস্থ্যসেবা ও সহায়তা প্রাপ্তি

আপনার যদি স্বাস্থ্যসেবা বা স্বাস্থ্য বিষয়ক পরামর্শের প্রয়োজন হয়, তাহলে আপনার আবাসন কেন্দ্রের কর্মীদের সাথে কথা বলুন।

এছাড়াও আপনি বিনামূল্যে HSELive-এ

**1800 700 700** নম্বরে ফোন করে স্থানীয় HSE অভিবাসী স্বাস্থ্য দলের যোগাযোগের বিবরণ জানতে চাইতে পারেন।

স্বাস্থ্যসেবার জন্য অর্থ প্রদান

কিছু স্বাস্থ্যসেবা সকলের জন্য বিনামূল্যে। এর মধ্যে রয়েছে প্রসূতি সেবা (গর্ভাবস্থা ও প্রসবকালীন যত্ন) এবং টিকাদান সেবা।

আপনার মেডিকেল কার্ড না থাকলে, অন্য কিছু স্বাস্থ্যসেবার জন্য আপনাকে অর্থ প্রদান করতে হতে পারে।

মেডিকেল কার্ডের জন্য আবেদন করার ফর্মটি আপনি পেতে পারেন:

- অনলাইনে
- স্থানীয় স্বাস্থ্য অফিসে
- আপনার আবাসন কেন্দ্রের কর্মীদের কাছ থেকে, অথবা
- আপনার স্থানীয় HSE অভিবাসী স্বাস্থ্য দলের কাছ থেকে।

মেডিকেল কার্ড কীভাবে সংগ্রহ করবেন সে সম্পর্কে আরও তথ্যের জন্য, প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন।

HSE Live - we're here to help

যে সব শিশু, ছেলে ও মেয়ের বয়স, 18 বছরের নিচে তারা শিক্ষার অধিকার পায়।

তারা ভাষা শিক্ষার ক্লাসের মতো সহায়তা পাবেন। আপনি যদি এই পরিষেবাগুলি গ্রহণ করতে চান, তবে অনুগ্রহ করে আপনার আবাসন কেন্দ্রের একজন কর্মীকে জিজ্ঞাসা করুন। স্থানীয় কর্তৃপক্ষ ইন্টিগ্রেশন টিমের মাধ্যমেও সহায়তা পাওয়া যায়।



আয়ারল্যান্ড এ, সমস্ত শিশুদের ৬ থেকে ১৬ বয়স পর্যন্ত স্কুলে যেতে হবে।

**পিতামাতার বাধ্যবাধকতা রয়েছে তাদের সন্তানদের স্কুলে পাঠানো।**

আপনার পরিস্থিতির উপর নির্ভর করে, আয়ারল্যান্ডে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদন নিবন্ধনের ৬ মাস পর আপনি কাজ করার অধিকার পেতে পারেন। সিটিওয়েস্ট রিসেপশন সেন্টারের কর্মীরা আপনাকে আয়ারল্যান্ডে প্রযোজ্য নিয়মকানুন সম্পর্কে জানাবেন।

এছাড়াও আপনি শ্রম বাজারে প্রবেশাধিকার সম্পর্কে আরও তথ্য এখানে পেতে পারেন: www.irishimmigration.ie



কিছু ব্যতিক্রম আছে, যেমন আপনি কর্তৃপক্ষের সাথে সহযোগিতা না করলে আপনাকে কাজ করার অনুমতি দেওয়া হবে না।

আপনি যদি কর্মরত থাকেন এবং কোনো আইপিএএস আবাসন কেন্দ্রে থাকেন, তবে আপনাকে আপনার আবাসনের খরচে অবদান রাখতে বলা হতে পারে। সমাজ সুরক্ষা বিভাগ কর্তৃক আপনার দৈনিক খরচ ভাতার প্রাপ্যতাও আর্থিক অবস্থা যাচাইয়ের মাধ্যমে নির্ধারিত হয়।



১৪ বছরের কম বয়সী কোনো ছেলে বা মেয়ের কাজ করার অনুমতি নেই। আয়ারল্যান্ডে, কাজ করার সর্বনিম্ন বয়স ১৪ বছর (স্কুল ছুটির সময়ে হালকা কাজের জন্য), কিন্তু ১৬ বছরের কম বয়সী শিশুরা নিয়মিত পূর্ণকালীন চাকরি করতে পারে না। ১৬ এবং ১৭ বছর বয়সী তরুণ-তরুণীরা পূর্ণকালীন কাজ করতে পারে, তবে তাদের কাজের সময়, বিরতি এবং দৈনিক, সাপ্তাহিক ও রাতের বিশ্রামের সময়কালের উপর কঠোর আইনি বিধিনিষেধ রয়েছে।

আপনার পরিস্থিতির উপর নির্ভর করে, আপনি অংশগ্রহণ করতে পারেন:
ভাষা শিক্ষার কোর্স,
যে দেশে আপনি বসবাস করেন সেই সমাজ সম্পর্কিত কোর্স (আইন, নিয়ম এবং সংস্কৃতি)
নতুন দক্ষতা শেখার কোর্স (পেশাগত প্রশিক্ষণ)।



আপনার আবাসন কেন্দ্রের কর্মীরা আপনাকে এই কোর্সগুলো এবং কখন থেকে সেগুলো শুরু করা যাবে, সে সম্পর্কে জানাতে পারবেন।



আপনি একটি অফিসিয়াল নথি পাবেন, যাকে বলা হয় International Protection Applicant Certificate, যাতে লেখা থাকবে যে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী। এই নথিতে আপনার নাম এবং ব্যক্তিগত তথ্য উল্লেখ থাকবে। আপনাকে অবশ্যই এটি আপনার সাথে সর্বদা বহন করতে হবে।

এটি কোনও ভ্রমণ নথি নয়।

**সাবধান!** খেয়াল রাখুন যেন এটি হারিয়ে না যায় এবং অন্য কেউ নিয়ে না নেয়

## ?

আন্তর্জাতিক সুরক্ষা আবাসন পরিষেবা আপনাকে বলবে আপনি কোথায় থাকবেন এবং নিয়মগুলো কেমন তা বুঝিয়ে দেবে।

আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনটির পরীক্ষা চলাকালে আপনি কোথায় থাকবেন, তা অনেক বিষয়ের উপর নির্ভর করে।

আপনি যদি আইপাস (IPAS) আবাসনে থাকেন, তবে আপনাকে সেখানকার নিয়মাবলীর একটি অনুলিপি দেওয়া হবে, যা আপনাকে আইপাস আবাসনে থাকাকালীন অবশ্যই মেনে চলতে হবে। আপনি যদি নিয়মাবলী মেনে না চলেন, তবে আপনি আপনার আবাসন হারাতে পারেন অথবা আপনাকে অন্য কোনো স্থানে স্থানান্তর করা হতে পারে।

**আপনি যেখানে থাকেন না কেন, আপনার কিছু অধিকার আছে:**



- **নিরাপদ থাকা:** কেউ, এমনকি কর্মীরাও আপনাকে ভয় দেখাতে, অপমান করতে বা ক্ষতি করতে পারবেন না



- **আপনি আপনার স্বামী, স্ত্রী, সন্তান বা 18 বছরের নিচের ভাইবোনদের সঙ্গে থাকতে পারেন — অথবা কোনো প্রাপ্তবয়স্ক আত্মীয়ের সঙ্গে যার প্রতিদিন যত্নের প্রয়োজন**
- **আপনার যদি প্রতিদিন যত্নের প্রয়োজন** এমন প্রাপ্তবয়স্ক হন, তবে আত্মীয়দের সঙ্গে থাকতে পারবেন



- **আপনি যদি না জানেন আপনার পরিবার কোথায় আছে,** তবে তাদের সঙ্গে **যোগাযোগ করার ও তাদের খুঁজে পাওয়ার জন্য সাহায্য পান।**

**আপনি আনুষ্ঠানিক অভিযোগ করতে পারেন যদি আপনি মনে করেন যে:**



- স্টাফদের মধ্যে কেউ আপনাকে হুমকি দিয়েছে, অপমান করেছে বা ক্ষতি করেছে।

আপনি IPAS-এর কাছে একটি আনুষ্ঠানিক অভিযোগ করতে পারেন যদি:

- আপনি আপনার কেন্দ্র ব্যবস্থাপকের কাছে মৌখিক অভিযোগ করে থাকেন, এবং
- আপনি আপনার কেন্দ্র ব্যবস্থাপকের কাছে লিখিত অভিযোগ করে থাকেন, এবং
- আপনি মৌখিক এবং লিখিত উভয় অভিযোগের ফলাফলে সন্তুষ্ট না হন।

আন্তর্জাতিক সুরক্ষা আবাসন পরিষেবা আপনাকে জানাবে কীভাবে আনুষ্ঠানিক অভিযোগ করতে হয়।

আপনি সবসময় কর্তৃপক্ষ, বেসরকারি সংস্থা বা জাতিসংঘ শরণার্থী সংস্থা (UNHCR)-এর কাছে আরও তথ্য চাইতে পারেন।

আপনার পর্যাপ্ত আর্থিক সামর্থ্য থাকলে আপনি ব্যক্তিগত বাসস্থানে থাকার সিদ্ধান্ত নিতে পারেন, যদি কর্তৃপক্ষ  এটা সিদ্ধান্ত না নেয় যে আপনাকে নির্দিষ্ট কোনো বাসস্থানে থাকতে হবে। এই ক্ষেত্রে, আপনি আপনার পরিবার বা বন্ধুদের সঙ্গে থাকার অনুমতিও পেতে পারেন।

আপনি যদি ব্যক্তিগত আবাসনে থাকার সিদ্ধান্ত নেন, তাহলেও আপনি প্রচলিত স্বাস্থ্য ও শিক্ষা পরিষেবা পাওয়ার সুযোগ পাবেন, কিন্তু কোনো আর্থিক সহায়তা প্রদান করা হবে না।



**আপনার অবস্থার উপর নির্ভর করে, কর্তৃপক্ষ হয়তো সিদ্ধান্ত নেবে যে আপনাকে একটা নির্দিষ্ট জায়গায় থাকতে হবে (যেমন কোনো নির্দিষ্ট রিসেপশন সেন্টারে)।**



**আপনাকে ওই জায়গা থেকে বের হতে দেওয়া হবে, কিন্তু কিছু নিয়ম মানতে হবে। আপনার ওই নির্দিষ্ট জায়গায় উপস্থিতি হয়তোনিয়মিতভাবে দেখা বা যাচাই করা হবে।**

কর্তৃপক্ষ এটা অনেক কারণেই ঠিক করতে পারে। যেমন:

- আপনি চলে যেতে পারেন এমন ঝুঁকি আছে।
- আরেকটি দেশ আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বশীল থাকতে পারে, আর কর্তৃপক্ষ ভাবতে পারে আপনি চলে যেতে পারেন
- আপনি অনুমতি ছাড়া এই দেশ ছেড়েছিলেন, আপনাকে ফিরিয়ে আনা হয়েছে, আর এখন আবার চলে যাওয়ার ঝুঁকি আছে।

**কর্তৃপক্ষ আপনাকে এমন একটি ভাষায় লিখিতভাবে এই সিদ্ধান্ত জানাবে যা আপনি বুঝতে পারেন। আপনাকে আপনার অধিকার, বাধ্যবাধকতা এবং যদি আপনি এই সিদ্ধান্ত মেনে না ন তবে তার নেতিবাচক পরিণতি সম্পর্কে জানানো হবে।**

আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন।

আপনি জানতে চাইতে পারেন কর্তৃপক্ষ এর কাছে, আপনি কোনো অন্য জায়গায় সীমিত সময় থাকতে পারবেন কি-না। কর্তৃপক্ষ আপনার অনুরোধ মঞ্জুর করতে পারে বা নাও করতে পারে। যদি আপনার অনুরোধ প্রত্যাখ্যান করা হয়, আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন।

**সাবধান!** যদি আপনি এই নির্দিষ্ট জায়গায় থাকার সিদ্ধান্ত এবং আরোপিত নিয়ম না মানেন, এবং আবার চলে যাওয়ার ঝুঁকি থাকে, তবে আপনাকে আটক করা যেতে পারে।

আটক মানে হলো আপনাকে এমন একটি জায়গায় রাখা হয়েছে, যেখান থেকে আপনি ইচ্ছেমতো বের হতে পারবেন না। আপনাকে আটক করতে হলে কর্তৃপক্ষের বৈধ কারণ থাকতে হবে। তারা নিশ্চিত হতে হবে যে আপনার ক্ষেত্রে অন্য কোনো বিকল্প নেই। কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার ব্যক্তিগত পরিস্থিতি বিবেচনা করবে।



আটক করার কারণগুলোর মধ্যে হতে পারে যেমন:

- আপনার অ্যাসাইলাম আবেদনের গুরুত্বপূর্ণ অংশ (যেমন আপনার পরিচয়) আটক করা ছাড়া যাচাই করা সম্ভব নয়
- আপনি নির্দিষ্ট স্থানে থাকার বাধ্যবাধকতা মানেননি, এবং আবার চলে যাওয়ার ঝুঁকি রয়েছে এবং কর্তৃপক্ষ আপনার কাছে পৌঁছাতে পারছে না
- আপনার অ্যাসাইলাম আবেদন যে EU+ দেশ পরীক্ষা করবে সেখানে পাঠানোর সিদ্ধান্ত হয়েছে, কিন্তু আপনি স্থানান্তরের আগে চলে যেতে পারেন
- আপনি নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে বিবেচিত হলে।

আপনি যদি আটক হন, তবে সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবেন। আপনি বিনামূল্যে আইনি সহায়তা ও আইনি প্রতিনিধি চাইতে পারেন।

?





**নিচে আপনার মানতে হবে এমন কিছু বাধ্যবাধকতা লেখা আছে।**

- ✅ এই দেশের আইন মেনে চলবেন।
- ✅ আয়ারল্যান্ড এ থাকবেন এবং কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যাবেন না।
- ❌ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া সেই নির্দিষ্ট জায়গা যেখানে কর্তৃপক্ষ বলেছে আপনাকে থাকতে হবে সেখান থেকে বের হবেন না।
- ✅ **কর্তৃপক্ষের** সঙ্গে সম্পূর্ণভাবে সহযোগিতা করুন এবং তাদের নির্দেশনা অনুসরণ করুন।
- ✅ যেখানে আপনি থাকছেন সেই জায়গার নিয়মগুলো মানুন।
- ✅ অন্য বাসিন্দা, কর্মচারী এবং অন্যান্য ব্যক্তিদের প্রতি শ্রদ্ধাশীল হোন।
- ✅ আন্তর্জাতিক সুরক্ষা আবাসন পরিষেবা আপনার আর্থিক সম্পদের সম্পর্কে জানান।
- ✅ আন্তর্জাতিক সুরক্ষা অফিস আপনার বর্তমান ঠিকানা এবং যোগাযোগের তথ্য (ফোন নম্বর, ইমেইল) এবং সেগুলির কোনো পরিবর্তন হলে সেই সম্পর্কে জানান, যাতে তারা সব সময় আপনার সঙ্গে যোগাযোগ রাখতে পারেন।

,

?

কর্তৃপক্ষ আপনার পরিস্থিতি মূল্যায়ন করবে এবং হয়তো কিছু ধরনের সহায়তা কমিয়ে দিতে বা বাতিল করতে পারে। কর্তৃপক্ষ আপনাকে এমন সিদ্ধান্ত সম্পর্কে লিখিতভাবে জানাবে এবং ঠিক করবে কোন সহায়তা তারা কমাবে বা বাতিল করবে।



!

**আপনি কম সহায়তা পেতে পারেন**, যেমন, যদি:

- আপনি অনুমতি ছাড়া সেই নির্দিষ্ট জায়গা যেখানে কর্তৃপক্ষ বলেছে আপনাকে থাকতে হবে সেখান থেকে বের হন।
- আপনি কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা করছেন না
- আপনি আপনার আর্থিক সম্পদের ব্যাপারে মিথ্যা বলেছেন
- আপনি যেখানে থাকছেন সেই জায়গার নিয়ম ভেঙেছেন
- আপনি ইতোমধ্যেই অন্য কোনো EU+ দেশে অ্যাসাইলামের জন্য আবেদন করেছেন এবং সেই দেশ থেকে চলে গেছেন।

**আপনি যে সাহায্য পাচ্ছেন সেটা হারাতে পারেন** যদি আপনি কাউকে আঘাত করেন, কাউকে ভয় দেখান, বা যেখানে থাকেন সেখানের নিয়মগুলো বারবার বা গুরুতরভাবে ভাঙেন। এই ক্ষেত্রে, পুলিশকেও হস্তক্ষেপ করার জন্য ডাকা হতে পারে।



## EU+
## , ?




**আয়ারল্যান্ড** এ:

- আপনার অ্যাসাইলাম প্রসিডিউর বন্ধ হয়ে যেতে পারে।

**যে EU+ দেশে আপনি অনুমতি ছাড়া গিয়েছিলেন:**

- কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে আপনাকে সেই দেশে ফেরত পাঠানোর যেটি আপনি অনুমতি ছাড়া ছেড়েছিলে।

কর্তৃপক্ষ আপনাকে ফেরত পাঠানোর সিদ্ধান্ত জানালে তখন থেকেই আপনার কিছু অধিকার থাকবে না, যেমন:

- আপনি **অনেক পরিষেবা এবং সহায়তা পাবেন না**
- আপনি **কাজ করতে পারবেন না**
- আপনি **ভাষা কোর্স বা নতুন দক্ষতা শেখার কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না**।

## EU+
## , ?



কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে যে আপনাকে একটি নির্দিষ্ট জায়গায় থাকতে হবে এবং নিয়মিত ভাবে আপনার উপস্থিতি যাচাই করা হবে। কিছু নিয়ম মানার শর্তে আপনি কেন্দ্রের বাইরে যেতে পারবেন।



যদি কর্তৃপক্ষ আবেদনকারী হিসেবে আপনার অধিকার সীমিত করার সিদ্ধান্ত নেয় এবং আপনি মনে করেন এটি অন্যায়, **আপনি সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন**।

আপনি আপিল করতে পারেন যদি কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেয়:

- আপনার আবাসন এবং অন্যান্য রিসেপশন সহায়তা পাওয়ার অধিকার নেই
- আপনাকে দেওয়া রিসেপশন সহায়তা কমানো বা বাতিল করা হলে
- আপনার অনুরোধ মঞ্জুর না করা যে আপনি সাময়িকভাবে একটি নির্দিষ্ট জায়গা
- আপনাকে একটি নির্দিষ্ট জায়গায় থাকতে হবে (যেমন কোনো নির্দিষ্ট রিসেপশন সেন্টারে) এবং কিছু নিয়ম মানার শর্তে আপনি বাইরে যেতে পারবেন।
- আপনাকে আটক করার জন্য

সিদ্ধান্ত গ্রহণকারী কর্তৃপক্ষ প্রাসঙ্গিক আপিল প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্য প্রদান করতে পারে। আরোপিত নিষেধাজ্ঞার ধরনের ওপর নির্ভর করে, আপনি আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর (IPO), আশ্রয় ও প্রত্যাবর্তন আপিল ট্রাইব্যুনাল (TARA) অথবা জেলা আদালতে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন।

যদি আপনি কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য EU+ দেশে ভ্রমণ করে থাকেন এবং সেখানে কিছু রিসেপশন সংক্রান্ত অধিকার হারিয়ে ফেলেন, তাহলে আপনি সেই দেশে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন

যদি এর কর্তৃপক্ষ আয়ারল্যান্ড আপনাকে দেওয়া রিসেপশন সহায়তা কমানো বা বাতিল করার সিদ্ধান্ত নেয় ১৯ পৃষ্ঠায় ব্যাখ্যা করা পরিস্থিতির কারণে, আপনার কিছু অধিকার অবশিষ্ট থাকবে। উদাহরণস্বরূপ, আপনি একজন চিকিৎসকের বা নার্সের সঙ্গে দেখা করতে পারবেন, চিকিৎসা সহায়তা পাবেন, কিছু সহায়তা পাবেন যেমন খাবার এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার জন্য ঘুমানোর একটি জায়গা থাকবে। সহায়তার ধরন নির্ভর করবে আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনের ওপর।

আপনি যে EU+ দেশে অনুমতি ছাড়া ভ্রমণ করেছেন, সেই দেশের কর্তৃপক্ষ যখন আপনাকে দেওয়া রিসেপশন সহায়তা বাতিল করার সিদ্ধান্ত নেয়, তখনও আপনি কী ধরনের সহায়তা পাবেন তা আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনীয়তার উপর নির্ভর করবে।



আপনার সাক্ষ্যগ্রহণের অধিকার সীমিত করার কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে যদি আপনি বিচারকের কাছে আপিল করতে চান, তবে আপনার পরিস্থিতি অনুযায়ী আপনি বিনামূল্যে আইনি সহায়তা ও প্রতিনিধিত্ব পেতে পারেন।

এর অর্থ হলো, একজন আইনি উপদেষ্টা আপনাকে সাহায্য করবেন। আইনি উপদেষ্টারা বিচারকের সামনে আপনাকে আইনি সহায়তা প্রদান করেন, আপনার স্বার্থ রক্ষা করেন এবং তারা কর্তৃপক্ষ ও বিচারকের থেকে স্বাধীন থাকেন।

আপনি নিজের খরচেও একজন আইনি উপদেষ্টা বা আইনজীবীর সাথে পরামর্শ করতে পারেন।

কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে কীভাবে আপিল করতে হবে, তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আপনাকে জানিয়ে দেবে।




কর্তৃপক্ষ আপনাকে জানাবে কীভাবে একটি সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে হবে।

আপনি সবসময় কর্তৃপক্ষ, বে-সরকারি প্রতিষ্ঠান বা UNHCR-এর কাছে আরও তথ্য জানতে পারেন, যার মধ্যে উপলব্ধ রয়েছে বিনামূল্যে আইনি সহায়তা এবং প্রতিনিধিত্ব সম্পর্কিত তথ্য।

যদি আপনার কোনো প্রশ্ন থাকে বা থাকার সময় সহায়তা প্রয়োজন হয়, আপনি এখানে কাজ করা কর্মীদের সঙ্গে কথা বলতে পারেন:

## রিসেপশন কর্তৃপক্ষ 44

| An Roinn Dlí agus Cirt, Gnóthaí Baile agus Imirce<br>Department of Justice, Home Affairs and Migration | International Protection Accommodation Service<br>Department of Justice, Home Affairs and Migration<br>51 St Stephen's Green, Dublin 2, D02 HK52<br>Email: IPASinbox@justice.ie |
|---|---|

## অন্য প্রাসঙ্গিক কর্তৃপক্ষ

| An Oifig um Chosaint Idirnáisiúnta<br>International Protection Office | The International Protection Office<br>Department of Justice, Home Affairs and Migration<br>Website: https://ipo.irishimmigration.ie |
|---|---|

## অন্য প্রাসঙ্গিক কর্তৃপক্ষ

| tara<br>Binse Tearmainn agus Achomhairc um Fhilleadh<br>Tribunal for Asylum and Returns Appeals | Tribunal for Asylum and Returns Appeals<br>6/7 Hanover Street East<br>Dublin 2, D02 W320<br>Website: www.asylumappeals.ie |
|---|---|

আপনি চাইলে নিচের প্রতিষ্ঠানগুলোর সাথেও যোগাযোগ করতে পারেন, যদি আপনার প্রশ্ন থাকে নিচের বিষয়গুলো নিয়ে:

## চিকিৎসা সহায়তা



চিকিৎসাজনিত জরুরি অবস্থায়, ৯৯৯ বা ১১২ নম্বরে ফোন করে অ্যাম্বুলেন্সের জন্য অনুরোধ করুন।

• আপনার এলাকায় সাধারণ স্বাস্থ্যসেবা সহায়তার জন্য, আপনার আবাসন কেন্দ্রের কর্মীদের সাথে কথা বলুন।

• আপনি HSELive-এ বিনামূল্যে ফোন করতে পারেন 1800 700 700। তারা আপনাকে আপনার এলাকার HSE অভিবাসী স্বাস্থ্য দলের যোগাযোগের বিবরণ দিতে পারবে।

## মানসিক-সামাজিক সাপোর্ট



• আইরিশ রেড ক্রস আন্তর্জাতিক সুরক্ষাপ্রার্থীদের জন্য মানসিক স্বাস্থ্য ও সুস্থতা বিষয়ক সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য এখানে তাদের ওয়েবসাইট দেখুন।

এইচএসই কর্ক এবং কেরি পরিষেবা (তথ্যের জন্য এখানে দেখুন) আরবি এবং ফারসি ভাষায় নিম্নলিখিত বিষয়গুলির উপর অনলাইন ভিডিও সরবরাহ করে:

• ট্রমা এবং পিটিএসডি

• ঘুমের সমস্যা ব্যবস্থাপনা

• উদ্বেগ

• অন্যান্য মানসিক স্বাস্থ্য সমস্যা।

প্রাইমারি কেয়ারে এইচএসই কাউন্সেলিং (সিআইপিসি) পরিষেবা পেতে, রেফারেলের জন্য আপনার জিপি (ডাক্তার)-এর সাথে কথা বলুন।

আইরিশ রিফিউজি কাউন্সিল আয়ারল্যান্ডে আন্তর্জাতিক সুরক্ষাপ্রার্থীদের সহায়তাকারী সংস্থাগুলি সম্পর্কে তথ্য প্রদান করে।

## UNHCR (জাতিসংঘ শরণার্থী সংস্থা)
অ্যাসাইলাম প্রার্থী ও শরণার্থীদের স্বার্থ ও অধিকার রক্ষা করে।




Merrion House, Suite 4, 1-3 Lower Fitzwilliam Street, Dublin 2, Ireland

Website: https://help.unhcr.org/.

Email: iredu@unhcr.org

Phone (Protection Unit): +353 1 631 4613

## আইনগত পরামর্শ, সহায়তা এবং প্রতিনিধিত্ব



সিটিওয়েস্ট কনভেনশন সেন্টারে লিগ্যাল এইড বোর্ড সিটিওয়েস্ট কাউন্সেলিং সার্ভিসে আপনাকে আইনি পরামর্শ প্রদান করা হবে।

আপনি সিটিওয়েস্ট কনভেনশন সেন্টারে লিগ্যাল এইড বোর্ডের কাছে অথবা এই ৩টি আইন কেন্দ্রের যেকোনো একটিতে আইনি পরামর্শ এবং প্রতিনিধিত্বের (আইনি সহায়তা) জন্য আবেদন করতে পারেন:

১. ডাবলিন: স্মিথফিল্ড ল সেন্টার (০১) ৬৪৬ ৯৬০০

২. কর্ক: পোপস কোয়ে ল সেন্টার ০৮৭ ৯৪৫ ১১৩২

৩. গালওয়ে: গালওয়ে ল অ্যান্ড ফ্যামিলি মেডিয়েশন সেন্টার ০৯১ ৫৬৮ ৪৬৭ / ০১ ৬৪৬ ৯৬৩৭

## আপনার নিজ দেশে ফিরে যেতে সহায়তা

| | |
|---|---|
| স্বেচ্ছায় প্রত্যাবর্তন পরিষেবা | voluntaryreturns@justice.ie |

যদি জরুরি চিকিৎসা পরিষেবার প্রয়োজন হয় বা আপনি কোনো বিপদে পড়েন, তাহলে আপনি বিনামূল্যে এই নম্বরগুলিতে কল করতে পারেন:

**জরুরি চিকিৎসা পরিস্থিতি: 112 or 999**

**পুলিশ 112 or 999**

এই ব্রোশিওরটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপকরণের মূল অংশটি সরবরাহ করেছে, এবং এই ব্রোশিওরটি পুনর্মুদ্রণ বা পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলোর জন্য EUAA কর্তৃক অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই ব্রোশিওরে অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তি এই ব্রোশিওরে থাকা তথ্যের ব্যবহারের জন্য দায়িত্বশীল নয়।

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025